দৈনিক
ইনকিলাব

তারিখ 06 MAY 2008
পৃষ্ঠা ৪৫ কলাম ৭

## নজরুল ভার্সিটির তালা ভাঙলেন শিক্ষকরা

# ছাত্র-ছাত্রীদের সাথে সমঝোতা বৈঠক

ত্রিশাল (ময়মনসিংহ) উপজেলা সংবাদদাতা

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ৫ দফা দাবী আদায়ের আন্দোলনের ৬ষ্ঠ দিনে কলা ও বিজ্ঞান ভবনের ছাত্র-ছাত্রীদের লাগানো তালা ভাঙলেন শিক্ষকরা। আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের ক্লাসে নেয়ার চেষ্টা করলেও ছাত্র-ছাত্রীরা তাদের দাবীর উপর অটল থাকে। এরই প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ২০ সদস্যের ছাত্র-ছাত্রী প্রতিনিধি দল নিয়ে বিকেলে সমঝোতা বৈঠকে বসলে ছাত্র-ছাত্রীরা তাদের আন্দোলন স্থগিত রাখে। এই রিপোর্ট লেখা পর্যন্ত সমঝোতা বৈঠক চলছে। বৈঠক চলাকালীন সময়ে এক ছাত্র প্রতিনিধি জানান, আমাদের দাবী নিয়ে আলোচনা চলছে। আমাদের দাবী মেনে না নিলে আমাদের আন্দোলন অব্যাহত থাকবে। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের যেমন চার্জ কমানো, হোস্টেল ফি কমানো, নিজস্ব বাস সার্ভিস চালু, লাইব্রেরী ও ইন্টারনেট- এই ৫ দফা দাবী নিয়ে ছাত্র-ছাত্রীরা বিগত ৬ দিন ধরে আন্দোলন চালিয়ে আসছে।